



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১২৭৬২৯২/রংপুর-৩৫/ ২২৩৬

তারিখঃ ০২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
১৭ ডিসেম্বর ২০২০ খ্রিঃ

## বিষয়ঃ গভার্ণিং বডি ভেঞ্চে দেয়া প্রসঙ্গে

- সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১২৭৬২৯২/রংপুর-৩৫/১২০২; তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০২০  
 ২) স্মারক নং-০৫.৪৭.৮৫৫৮.০৫৮.০৭.০২২.২০-১২৩২; তারিখ: ১৪.১০.২০২০খ্রিঃ  
 ৩) নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১২৭৬২৯২/রংপুর-৩৫/১২৩১; তারিখ: ০৮ ডিসেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন শুরুরেরহাট ইসলামিয়া আলিম মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতির পদ পরিবর্তনের জন্য ষড়যন্ত্র হচ্ছে মর্মে সভাপতি জনাব মো: মনজুরুল ইসলাম লেলিন কর্তৃক দাখিলকৃত অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুরকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর সূত্রোক্ত ২নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন।

প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধানমালা- ৩৩(১) অনুসারে প্রথম সভা অনুষ্ঠিত হয়নি মর্মে তদন্তে প্রতীয়মান হয়। গভার্ণিং বডি অনুমোদনের দীর্ঘদিন পরেও কেন প্রথম সভা অনুষ্ঠানের মাধ্যমে একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন করে বোর্ডকে অবহিত করা হয় নাই সে বিষয়ে ব্যাখ্যা চাওয়া হলে এবং সূত্রোক্ত ৩নং স্মারকে কারণ দর্শানো হলে মাদ্রাসার অধ্যক্ষ যে জবাব দাখিল করেছেন, তা বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হয়নি।

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং সূত্রোক্ত ৩নং স্মারকে কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে অত্র বোর্ড হতে নং- বামাশিবো/প্রশা/ ৩৩৩২০১২৭৬২৯১/ ২৬০৭৬/নথি নং -৩৫ তারিখ: ১২-০৬-২০২০ খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি এতদ্বারা ভেঞ্চে দেয়া হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

প্রাপক: অধ্যক্ষ

শুরুরেরহাট ইসলামিয়া আলিম মাদ্রাসা, মিঠাপুকুর, রংপুর;

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১২৭৬২৯২/রংপুর-৩৫/ ২২৩৬

তারিখঃ ০২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
১৭ ডিসেম্বর ২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, রংপুর;
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর;
৫. সভাপতি/সদস্যবৃন্দ- ভেঞ্চে দেয়া গভার্ণিং বডি, শুরুরেরহাট ইসলামিয়া আলিম মাদ্রাসা, মিঠাপুকুর, রংপুর;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)